

ওই আসে ওই অতি ভৈরব হরষে
 জলসিঞ্চিত ক্ষিতিসৌরভরভসে
 ঘনগৌরবে নবযৌবনা বরষা
 শ্যামগস্তীর সরসা ।
 গুরু গর্জনে নীল অরণ্য শিহরে,
 উতলা কলাপী কেকা কলরবে বিহরে—
 নিখিলচিত্তহরষা
 ঘনগৌরবে আসিছে মত্ত বরষা ॥

কোথা তোরা অয়ি তরুণী পথিকললনা,
 জনপদবধূ তড়িতচকিতনয়না,
 মালতীমালিনী কোথা প্রিয়পরিচারিকা,
 কোথা তোরা অভিসারিকা ।
 ঘনবনতলে এসো ঘননীলবসনা,
 ললিত নৃত্যে বাজুক স্বর্ণরসনা,
 আনো বীণা মনোহারিকা ।
 কোথা বিরহিণী, কোথা তোরা অভিসারিকা ॥

আনো মৃদঙ্গ মুরজ মুরলী মধুরা,
 বাজাও শঙ্খ, হলুরব করো বধূরা—
 এসেছে বরষা, ওগো নব-অনুরাগিণী,
 ওগো প্রিয়সুখভাগিনী ।
 কুঞ্জকুটিরে অয়ি ভাবাকুললোচনা,
 ভূর্জপাতায় নবগীত করো রচনা
 মেঘমল্লারাগিণী ।
 এসেছে বরষা, ওগো নব-অনুরাগিণী ॥

কেতকীকেশরে কেশপাশ করো সুরভি,
 ক্ষীণ কটিতটে গাঁথি লয়ে পরো করবী ॥
 কদম্বরেণু বিছাইয়া দাও শয়নে,
 অঞ্জন আঁকো নয়নে ।
 তালে তালে দুটি কঙ্কন কনকনিয়া
 ভবনশিখীরে নাচাও গণিয়া গণিয়া
 স্মিতবিকশিত বয়নে—
 কদম্বরেণু বিছাইয়া ফুলশয়নে ॥

এসেছে বরষা, এসেছে নবীনা বরষা,
 গগন ভরিয়া এসেছে ভুবনভরসা ॥
 দুলিছে পবনে সনসন বনবীথিকা,
 গীতিময় তরুলতিকা ।
 শতেক যুগের কবিদলে মিলি আকাশে
 ধ্বনিয়া তুলিছে মত্তমদির বাতাসে
 শতেক যুগের গীতিকা ।
 শতশতগীতমুখরিত বনবীথিকা ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Tritaal-Dadra, Raag: Malhar-Pilu-Iman-Kalyan-
 Khambaj-Hameer

Visit www.geetabitan.com for notation and other detail